**Government of the People's Republic of Bangladesh**
**Ministry of Finance**
**Economic Relations Division (ERD)**
**ADB-4 Section**
**Sher-e-Bangla Nagar, Dhaka 1207**
**(www.erd.gov.bd; Fax:8113088)**

## PRESS RELEASE

A loan agreement titled **Sustainable Economic Recovery Program–Subprogram 2** amounting US Dollar 400 million, OCR-Regular has been signed today (14 June 2023) in Dhaka between the Government of Bangladesh (GoB) and the Asian Development Bank (ADB). **Ms. Sharifa Khan**, Secretary, Economic Relations Division (ERD), Ministry of Finance and **Mr. Edimon Ginting**, Country Director, Bangladesh Resident Mission, ADB signed the Loan agreement on behalf of the GoB and the ADB respectively. Senior officials of the Government of Bangladesh and ADB were present during the loan signing ceremony.

Finance Division along with Financial Institution Division, National Board of Revenue, Bangladesh Bank, Programming Division and Central Procurement technical Unit (CPTU) has formulated the **Sustainable Economic Recovery Program.** It focuses on the policy reform to mitigate the adverse economic effects caused by the Covid 19 pandemic and geo political crisis. The Program scope includes (a) strengthening public financial management systems; and (b) improving access to finance for underserved market segments.

The prior actions of this program have been achieved by 13 June 2023. In 2021-22 FY, the preceding agreement under this program, Subprogram 1 worth USD 250 million has been signed.

ADB is one of the largest multilateral Development Partners of Bangladesh extending assistance to the country since it became a member of ADB in 1973. ADB's total loan to Bangladesh till now is more than US$ 28474 million and total grant is about US$ 553.4 million. The development assistance of ADB mainly focuses on Power, Energy, Local Government, Transport, Education, Agriculture, Health, Water Resources, Governance and Financial Sectors of Bangladesh.

**********

14/06/2023

Md. Ohidul Islam
Deputy Secretary
Economic Relations Division
Ministry of Finance
Govt. of the People's Republic of Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
এডিবি-৪ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
(www.erd.gov.bd; Fax:8113088)

মুজিব শতবর্ষ MUJIB 100

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৪ জুন ২০২৩ খ্রিঃ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **Sustainable Economic Recovery Program-Subprogram 2** কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে ৪০০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Capital Resources (OCR Regular) এর ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকার পক্ষে **মিজ শরিফা খান**, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি পক্ষে **Mr. Edimon Ginting**, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন ঋণচুক্তি স্বাক্ষর করেন। উক্ত ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ ও এডিবি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড, কার্যক্রম বিভাগ এবং সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) সংশ্লিষ্ট Sustainable Economic Recovery Program-Subprogram 2 কর্মসূচির উদ্দেশ্য হলো:- সরকারি আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি মজবুতীকরণ এবং সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আর্থিক সেবাসমূহ প্রাপ্তি সহজীকরণ। ঋণচুক্তি অনুযায়ী এ কর্মসূচির পূর্বশর্তসমূহ ১৩ জুন ২০২৩ এর মধ্যে অর্জিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরে এই কর্মসূচির পূর্ববর্তী কার্যক্রম হিসেবে Subprogram 1 এর আওতায় ২৫০ মিলিয়ন মার্কিন ডলার এর একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। এখানে উল্লেখ্য যে, এ দুটি ঋণের অর্থ কোভিড ১৯ মহামারির প্রাদুর্ভাবজনিত বিপর্যয় ও ভূরাজনৈতিক অস্থিতিশীলতা হতে অর্থনৈতিক পুনরুদ্ধারের লক্ষ্যে বাজেট সাপোর্ট হিসেবে ব্যবহৃত হচ্ছে।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে এর সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা তাদের আর্থিক সহায়তার একটি বড় অংশ বাংলাদেশকে প্রদান করে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৮৪৭৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণসহায়তা এবং ৫৫৩.৪ মিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানতঃ বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ এবং সুশাসন সেক্টরকে প্রাধান্য দেয়।

**********

১৪/০৬/২০২৩
মোঃ অহিদুল ইসলাম
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার